214

দৈনিক ইনকিলাব

তারিখ 24 DEC 1997
পৃষ্ঠা ১ কলাম ৮

কুমিল্লা বোর্ডের

# গত এসএসসি পরীক্ষার উত্তরপত্র বাজারে কেন?

ইনকিলাব রিপোর্ট ঃ সাধারণ নিয়মের ব্যত্যয় ঘটিয়ে কুমিল্লা বোর্ডের গত এসএসসি পরীক্ষার বিভিন্ন বিষয়ের নৈর্ব্যক্তিক উত্তরপত্রসমূহ বাজারে বিক্রি করে দেয়া হয়েছে।

এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের পর পরবর্তী পরীক্ষা না হওয়া পর্যন্ত উত্তরপত্রসমূহ সংরক্ষণের রেওয়াজ রয়েছে। কিন্তু কুমিল্লা বোর্ডের অধীনে অনুষ্ঠিত গত এসএসসি পরীক্ষার বিভিন্ন বিষয়ের নৈর্ব্যক্তিক উত্তরপত্র ঢাকার একটি মার্কেটে ব্যবহৃত হতে দেখা গেছে। ইংরেজী প্রথমপত্র, ইসলামিয়াত এবং মানবিক বিভাগের সাধারণ বিজ্ঞান বিষয়ের বেশ কিছুসংখ্যক উত্তরপত্র আমাদের হস্তগত হয়েছে। অথচ নৈর্ব্যক্তিক উত্তরপত্রসমূহ এ সময় কম্পিউটার কেন্দ্রের বাইরে আসার কথা নয়। এ বিষয়ে ঢাকা বোর্ডের জনৈক কর্মকর্তার সাথে কথা হলে তিনি জানান, এমনটি হয়ে থাকলে তা দায়িত্বের অবহেলা হয়েছে।